গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১০.২৪.২২২ তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ৫৯০/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৯০/২০২৪-এর ১৩/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২১০৭ সনের ২১ নম্বর আইন) এর ৭ ধারা মোতাবেক পিটিশনার গং-এর তফসিলভুক্ত সম্পত্তি "সিটি কবরস্থান ও ঈদগাহ্ মাঠ নির্মাণ" শীর্ষক প্রকল্পের জন্য সরকার কর্তৃক অধিগ্রহণ ও দখলের সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত নোটিশ জারি করা হয় (Annexure-Q to Q-3)। ফলে পিটিশনার জনাব মোঃ শামসুল আরেফীন গং সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৫৯০/২০২৪ দায়ের করেন। এ মোকদ্দমায় সচিব, ভূমি মন্ত্রণালয়-কে ১নং, সচিব, স্থানীয় সরকার বিভাগ-কে ২নং এবং জেলা প্রশাসক, রাজশাহী-কে ৬নং প্রতিপক্ষসহ মোট এগারো জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে নিম্নোক্ত রুল প্রদান করেন:

> "Accordingly, the application is allowed.
> Pending hearing of the Rule, let the operation of the notices (Annexure-Q to Q-3) under section 7(1) of the স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ issued by the office of the respondent no. 6 be stayed for a period of 06(six) months from date so far as relates to the petitioner."

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৫৯০/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8516/potrojariAttachmentRef/53170/0/2240)

১৬-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +880255100995
ইমেইল: lglaw1@lgd.gov.bd

বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১০.২৪.২২২/১(৪) তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৬-৩-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)